দৈনিক সংবাদ

তারিখ ... ... OCT. 30 1999..
পৃষ্ঠা [illegible] ... কলাম [illegible] ......

ই.বিতে প্রশাসনিক কাজকর্ম ব্যাহত

# রেজিস্ট্রারের পদ শূন্য তিন মাস ধরে

**ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি :** ইসলামী বিশ্ববিদ্যালয়ে ৩ বছর ধরে রেজিস্ট্রারের পদ শূন্য থাকায় প্রশাসনিক কর্মকাণ্ড দারুণভাবে ব্যাহত হচ্ছে।

ইতোমধ্যে বেশ কয়েকবার রেজিস্ট্রার নিয়োগের বিজ্ঞপ্তি দিয়েও রেজিস্ট্রার নিয়োগ করা হয়নি এবং এতদসংক্রান্ত সিলেকশন বোর্ড বাতিল ঘোষণা করা হয়।

প্রশাসন সূত্রে জানা গেছে, ১৯৯৬ সালের ১৯শে সেপ্টেম্বর থেকে বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ রেজিস্ট্রারের পদ শূন্য রয়েছে। বিশ্ববিদ্যালয়ের একটি সূত্র জানায়, বর্তমানে উপ- রেজিস্ট্রার (প্রশাসন) ডঃ মসলেম উদ্দিন রেজিস্ট্রারের কাজকর্ম করলেও তার পক্ষে একা অতিরিক্ত দায়িত্ব পালন করতে গিয়ে হিমশিম খেতে হচ্ছে। তিনি ছুটিতে থাকলে অনেক সময় প্রশাসনিক কর্মকাণ্ড স্বাভাবিকভাবেই ব্যাহত হয়। বিশেষ করে প্রশাসনিক ফাইলপত্রে সইয়ের ব্যাপারটি।

এরমধ্যে একবার রেজিস্ট্রার নিয়োগের জন্য বিজ্ঞপ্তি দেয়া হয়েছিল। সেই সময় উপ-রেজিস্ট্রার (শিক্ষা) ডঃ এম রেজাউল করিম এবং উপ- রেজিস্ট্রার (প্রশাসন) ডঃ মসলেম উদ্দিন রেজিস্ট্রার পদের জন্য আবেদন করেছিলেন। এই দুজনের মধ্য থেকে যে কোন একজনকে রেজিস্ট্রার হিসেবে নিয়োগ দেয়া হলে প্রশাসনিক দপ্তরগুলোতে একটা বিশৃঙ্খলা দেখা দেয়ার সমূহ সম্ভাবনা থাকায় এই দু'জনের কাউকেই নিয়োগ করা হয়নি।

উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়ে রেজিস্ট্রার না থাকায় যখন উপাচার্য প্রাতিষ্ঠানিক কাজে ক্যাম্পাসের বাইরে থাকেন, তখন প্রশাসনিক কাজ তেমন হয় না বলে বিশ্ববিদ্যালয়ের একাধিক সূত্র জানিয়েছে।